

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
জামালপুর সদর, জামালপুর।

নং-৫২.০১.৩৯০০.০০০.০৪.০৮৭.১৯-২৩

তারিখ : ২৩ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ।  
০৭ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

**নিয়োগ বিজ্ঞপ্তি**

**(জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প)**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন “জনশুমারি ও গৃহগণনা ২০২১” প্রকল্পে জামালপুর সদর উপজেলার ১৫ (পনের) টি ইউনিয়ন ও জামালপুর পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্থায়ী নাগরিকদের মধ্যে আগ্রহী শিক্ষিত ও বেকার যুবক/যুব মহিলাদের নিকট থেকে নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুমারি চলাকালীন সময়ে গণনাকারী/তালিকাকারী এবং সুপারভাইজার মনোনয়ন করা হবে।

ক্রমিক নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	ক) ন্যূনতম স্নাতক/সমমান পাশ হতে হবে। খ) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। গ) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫” (পাঁচ ইঞ্চি) হতে হবে। ঘ) ০১/০২/২০২০ খ্রি: তারিখে বয়স ২৩-৪০ বছরের মধ্যে হতে হবে। ঙ) সহজে বোধগম্য/সুন্দর হাতের লেখার অধিকারী হতে হবে। চ) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	ক) ন্যূনতম এইচএসসি/সমমান পাশ হতে হবে। খ) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। গ) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫” (পাঁচ ইঞ্চি) হতে হবে। ঘ) ০১/০২/২০২০ খ্রি: তারিখে বয়স ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে। ঙ) সহজে বোধগম্য/সুন্দর হাতের লেখার অধিকারী হতে হবে। চ) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

**শর্তাবলী:-**

- ০১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([www.bbs.jamalpursadar.jamalpur.gov.bd](http://www.bbs.jamalpursadar.jamalpur.gov.bd)) থেকে আবেদনপত্র ডাউনলোড করে অথবা আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ০২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশি) খানার তালিকা করবেন।
- ০৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন (এন্ড্রয়েড ভার্সন ৬ বা তদূর্ধ্ব) রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ০৪) মহিলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন এবং কমপক্ষে ৫০% মহিলা নিয়োগ করা হবে।
- ০৫) প্রার্থীকে সরকারি/বেসরকারি প্রকল্পে যেমন : ন্যাশনাল সার্ভিস (এরকম প্রকল্প), কিন্ডার গার্টেন, স্কুল, কলেজে নিয়োজিত থাকা যাবেনা।
- ০৬) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। **একজন প্রার্থী কেবল একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।**
- ০৭) সকল পদের আবেদন ফরমের খামের উপর ডান পার্শ্বে **পদের নাম, নিজ মৌজা এবং নিজ ইউনিয়নের নাম** উল্লেখপূর্বক **০৮/০১/২০২০** খ্রি: হতে **১৯/০১/২০২০** খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ০৮) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষা আগামী **২১/০১/২০২০** খ্রি: হতে **২২/০১/২০২০** খ্রি: তারিখে **উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**, জামালপুর সদর, জামালপুর - এ অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- ০৯) ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে।
- ১০) প্রার্থীকে মাঠপর্যায়ে (ডোর টু ডোর) কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
- ১১) আবেদনপত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবে। (ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি-০২(দুই) কপি। (খ) জাতীয় পরিচয়পত্র ০১ (এক) কপি। (গ) নাগরিকত্বের সনদ ০১ (এক) কপি। (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ০১ (এক) সেট।
- ১২) আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিস, উপজেলা পরিসংখ্যান অফিস এবং ([www.bbs.jamalpursadar.jamalpur.gov.bd](http://www.bbs.jamalpursadar.jamalpur.gov.bd)) এবং ([www.bbs.jamalpur.gov.bd](http://www.bbs.jamalpur.gov.bd)) ওয়েবসাইট এ পাওয়া যাবে।
- ১৩) তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- ১৪) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয় ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে ([www.bbs.jamalpursadar.jamalpur.gov.bd](http://www.bbs.jamalpursadar.jamalpur.gov.bd)) এবং ([www.bbs.jamalpur.gov.bd](http://www.bbs.jamalpur.gov.bd)) এ প্রকাশ করা হবে।
- ১৫) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নয় বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১৬) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**স্বাক্ষরিত/-**

**(ফরিদা ইয়াছমিন)**

উপজেলা নির্বাহী অফিসার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
জামালপুর সদর, জামালপুর।

ও

সভাপতি

উপজেলা স্থায়ী শুমারি/জরিপ কমিটি  
জামালপুর সদর, জামালপুর।